



রিকভারি: লেভেল ৩

অনলাইনে যে কেউ ভুল করতে পারে। এমনি, তুমি যদি সচেতন হলেও দুর্ঘটনা ঘটতে পারে। তুমি অনিরাপদ বোধ করতে পারো কিংবা মানুষ নির্দয় আচরণও করতে পারে। এক্ষেত্রে, কোনো ভুল হলে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো তুমি জানো যে কিভাবে এ অবস্থা থেকে ফিরে আসতে হবে।

কাজ ১: অনলাইনে কোনো ভুল হলে কি করতে হবে ডিজিওয়ার্ল্ড ম্যাগাজিনের এ সংখ্যায় সে ব্যাপারে আলোকপাত করা হয়েছে।

অনলাইনে কোনো ভুল হলে কি অবস্থা হতে পারে এ নিয়ে নিম্নবর্ণিত পরিস্থিতি সমূহ পড়ে দেখো

প্রত্যেককে পরামর্শ দিয়ে বার্তা পাঠাও কিভাবে প্রতিকূল অবস্থা থেকে উত্তরণ ঘটানো যায়।

গত সপ্তাহে আমি যখন আমার বন্ধুদের সাথে অনলাইনে গেমস খেলতে যাই তখন অনলাইনের চ্যাট ফোরামে একজন আমার সাথে চ্যাট করা শুরু করে। আমি তাকে না চিনলেও বেশ মজা হবে ভেবেছিলাম। এখন সে ব্যক্তি আমাকে অনবরত বার্তা পাঠিয়েই যাচ্ছে। এর মধ্যে কিছু বার্তা বেশ অশোভন। আমি এটা নিয়ে বিরত ও ভীত তাই কাউকে এ সম্পর্কে কিছু বলিনি। আমার কি করা উচিত? আমার সাহায্য দরকার!

জ্যানেট, ১৪

আমি সামাজিক যোগাযোগমাধ্যমে একটি পোস্ট দিয়েছিলাম। ভেবেছিলাম আমার বন্ধুরা মজা পাবে। কিন্তু একজন আমাকে বললো আমার পোস্টটি নাকি ধর্মীয়ভাবে আক্রমণাত্মক এবং একটি সংস্কার কাছ থেকেই পোস্টটি প্রথম এসেছে যারা ঘৃণা ও সহিংসতা ছড়িয়ে দেয়ার জন্য পরিচিত। আমার এখন কি করা উচিত? আমি এটাকে মজা হিসেবে নিয়েছিলাম। আমি অন্য কোনো উদ্দেশ্যে এটা করিনি।

সুসান, ১৫

আমি অনলাইনে একটি লেখা পড়লাম যেখানে বলা হয়েছে পৃথিবী ধ্বংস হতে চলেছে। প্রথমে,





রিকভারি: লেভেল ৩

আমি অনেক ভয় পেয়েছিলাম পড়ে আমার মা আমাকে বললো যে লেখার বিষয়বস্তু সত্য নয়। আমি এটা বিশ্বাস করার জন্য কিছুটা বিরত। কিন্তু আমি অনলাইনে কিভাবে বুঝবো এটা সত্য কি না? এ ব্যাপারে আমার জন্য কারও কোনো পরামর্শ আছে?

ধন্যবাদ!

জন, ১৩।

আমার বেডরুমে পছন্দের গানের সাথে নেচে সেটা লাইভ স্ট্রিম করেছিলাম। আমি সে ভিডিওতে অনেক লাইক ও ভালো ভালো কমেন্টও পেয়েছি। কিন্তু এর সাথে কিছু অশোভন মন্তব্যও ছিলো যা হতাশ ও বিরত করেছে। এর মধ্যে একজন মন্তব্যে জানতে চেয়েছে আমি কোথায় থাকি। সে আমার ফোন নাম্বারও চেয়েছে। কিন্তু তারা তাদের নাম বলেনি, ফোন নাম্বারও দেয়নি। আমি তাদের এ ব্যাপারটা গুরুত্ব দেইনি। এটা কি আমি খারাপ করেছি? আমার কি করা উচিত ছিলো?

কেট, ১৫

অনলাইনে একজন আমাকে প্রতারণা করেছিলো। এরপর থেকে আমি খারাপ ও লজ্জিত বোধ করছি। আমি কাউকে এটা নিয়ে বলতে চাই না কেননা, বললে তারা ভাবতে পারে এটা আমার ভুল যদিও আমি বুঝতেই পারছিলাম না ওই সময় কি হচ্ছিলো। এটা কি আসলেই আমার ভুল? আমার কি করা উচিত ছিলো?

পিটার, ১৪



রিকভারি: লেভেল ৩

কাজ ২: আলোচনা: অনলাইনে ভুল কিংবা কোনো সমস্যা থেকে উত্তরণের সবচেয়ে ভালো উপায় কি এটা জানা কেনো গুরুত্বপূর্ণ বলে তুমি মনে করো?